

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩০৮৪
আগরতলা, ২৬ সেপ্টেম্বর, ২০২৫

ত্রিপুরায় শুরু “সুস্থ নারী – সশক্ত পরিবার অভিযান:

কিশোরী স্বাস্থ্য ও কিশোরী মাতৃত্ব রোধে বিশেষ উদ্যোগ

ত্রিপুরা রাজ্যে ১৭ই সেপ্টেম্বর থেকে ২রা অক্টোবর পর্যন্ত চলছে “সুস্থ নারী – সশক্ত পরিবার অভিযান”। আগরতলা সরকারি মেডিকেল কলেজ ও জি বি পি হাসপাতাল প্রাঙ্গণ থেকে সূচনা হওয়া এই অভিযানে কিশোরী স্বাস্থ্য ও সচেতনতার উপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে।

জাতীয় স্বাস্থ্য মিশনের মতে, কিশোরী মেয়েদের মধ্যে অ্যানিমিয়া, পুষ্টিহীনতা ও মাসিক স্বাস্থ্যবিধি সম্পর্কে সচেতনতার অভাব একটি বড় সমস্যা। এর সঙ্গে যুক্ত হয়েছে কিশোরী মাতৃত্বের বাড়তি ঝুঁকি, যা শুধু মেয়েদের স্বাস্থ্য নয়, নবজাতকের জীবনকেও প্রভাবিত করছে।

অভিযানের আওতায় রাজ্যের বিভিন্ন স্বাস্থ্য শিবিরে চলছে রক্তশূন্যতা পরীক্ষা, টিবি ও সিকেল সেল স্ক্রিনিং, পাশাপাশি কিশোরী ও নারীদের জন্য মাসিক স্বাস্থ্য ও কিশোরী মাতৃত্ব প্রতিরোধে বিশেষ কাউন্সেলিং। ডাক্তার ও স্বাস্থ্যকর্মীরা প্রত্যন্ত এলাকা পর্যন্ত পৌঁছে কিশোরী ও অভিভাবকদের সাথে সচেতনতা আলোচনায় অংশ নিচ্ছেন।

শিবিরে আরও থাকছে গর্ভবতী মহিলাদের নিয়মিত ANC চেক-আপ, শিশুদের টিকাকরণ এবং বিশেষ নিবন্ধন সুবিধা—প্রধানমন্ত্রী মাতৃ বন্দনা যোজনা (PMMVY), মাদার অ্যান্ড চাইল্ড প্রোটেকশন (MCP) কার্ড, আয়ুস্মান বয় বন্দনা কার্ড, এবং ABHA আইডি প্রদান।

জনৈক স্বাস্থ্যকর্মী জানান, “কৈশোরকালীন সচেতনতা ও পরামর্শ ছাড়া কিশোরী মাতৃত্ব রোধ সম্ভব নয়। সমাজ, পরিবার এবং বিদ্যালয়—সবার সম্মিলিত অংশগ্রহণেই এই পরিস্থিতির পরিবর্তন সম্ভব।”

“সেবা-ই সংকল্প, রাষ্ট্রই প্রথম প্রেরণা” এই মূলমন্ত্রে, এই অভিযান কেবল স্বাস্থ্য পরীক্ষা নয়, বরং আগামী প্রজন্মের জন্য একটি সুস্থ ও নিরাপদ পরিবেশ গড়ার প্রতিশ্রুতি বহন করছে। জাতীয় স্বাস্থ্য মিশনের পক্ষ থেকে এই সংবাদ জানানো হয়েছে।
